ঈদ উল আযহার শুভেচ্ছা জানিয়েছেন কানাইঘাট উপজেলা নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জি

চেম্বার প্রতিবেদক:: পবিত্র ঈদ উল আযহা উপলক্ষে কানাইঘাট উপজেলাবাসী ও ধর্মপ্রাণ মুসলমান ভাই-বোনদের শুভেচ্ছা জানিয়েছেন কানাইঘাট উপজেলা নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জি।

এক শুভেচ্ছা বার্তায় তিনি বলেন, বাংলাদেশের মুসলিম উম্মার জন্য অপেক্ষা করছে বছরের শ্রেষ্ঠতম আনন্দের দিন পবিত্র ঈদ উল আযহা। আমি কানাইঘাট উপজেলার সকল ধর্মপ্রাণ মুসলমান ভাই-বোনদের ঈদ উল আযহার শুভেচ্ছা জানাই।

নির্বাহী কর্মকর্তা আরও বলেন, ঈদ উল আযহা মুসলিম জাহানের অন্যতম প্রধান ধর্মীয় উৎসব। কুরবানির খুশি আর আনন্দের বার্তা নিয়ে আমাদের মাঝে সমাগত হয় পবিত্র ঈদ উল আযহা।

ঈদ সব শ্রেণি-পেশার মানুষের মধ্যে গড়ে তোলে সৌহার্দ্য, সম্প্রীতি ও ঐক্যের বন্ধন। সেইসাথে দেশবাসীর সুখ, শান্তি, সমৃদ্ধি, সুস্বাস্থ্য ও নিরাপদ জীবন এবং বিশ্বের মুসলিম উম্মাহ’র শান্তি সমৃদ্ধি ও সফলতা কামনা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জি।

তিনি আরও বলেন, এ বছর এমন একটা সময়ে ঈদ উল-আযহা অনুষ্ঠিত হচ্ছে যখন মহামারি করোনার সাথে সিলেটবাসীর জন্য স্মরণকালের ভয়াবহ বন্যা মানুষকে স্তব্ধ করে দিয়েছে।

বন্যার কারণে বিভিন্ন স্থানে অনেক মানুষই মানবেতর জীবনযাপন করছেন। এসব মানুষের কল্যাণে নিজ নিজ অবস্থান থেকে সকলকে সহায়তার হাত বাড়িয়ে দিতে হবে।